অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/19/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র মামদানি প্রায় 100,000টি 3-K ও PRE-K অফার বাড়িয়েছেন; 3-K পরিবারের গড় যাতায়াতের দূরত্ব ছয় ব্লক কমেছে

গভর্নর হোকল এবং মেয়র মামদানি অনেক দিনের 3-K অ্যাক্সেসিবিলিটির ব্যাপারে উদ্বেগ নিয়ে কাজ করছেন এবং পরিবারের গড় যাতায়াতের দূরত্ব কমাচ্ছেন

স্টেটের নজিরবিহীন বিনিয়োগের কারণে আরো বেশি পরিবার তাদের নিজ নিজ কমিউনিটিতে 3-K-এর সাথে সংযুক্ত হয়েছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং মেয়র Zohran Kwame Mamdani (জোহরান কোয়ামে মামদানি) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি (New York City) আসন্ন শিক্ষাবর্ষের জন্য 99,921টি 3-K এবং Pre-K অফার বাড়িয়েছে, যেখানে আরো বেশি পরিবার তাদের সবথেকে বেশি পছন্দের প্রোগ্রামগুলির একটিতে অফার পেয়েছেন এবং পুরো শহরে গড় যাতায়াতের দূরত্ব কমেছে। এর মধ্যে আছে নিউ ইয়র্ক সিটির পরিবারের জন্য অতিরিক্ত 2,000টি 3-K আসন, যাতে তারা বাড়ির কাছাকাছি চাইল্ডকেয়ার সুবিধা পেতে পারেন, যা 3-K এ স্টেটের সরাসরি বিনিয়োগের মাধ্যমে সম্ভব হয়েছে।

জানুয়ারিতে, গভর্নর Hochul (হোকল) এবং মেয়র Mamdani (মামদানি) একটি নজিরবিহীন বিনিয়োগ ঘোষণা করেছিলেন, যা নিউ ইয়র্ককে শহরের প্রতিটি পরিবারের জন্য বিনামূল্যে, ইউনিভার্সাল চাইল্ড কেয়ার পাওয়ার ব্যাপারে অগ্রসর করে, এর মধ্যে আছে 2-K এর প্রথম দুই বছরের তহবিল, Pre-K জোরদার করা এবং 3-K অ্যাক্সেস সম্প্রসারণে জোরালো মনোযোগ। এই প্রচেষ্টা ইতিমধ্যেই আরো বেশি পরিবারকে তাদের পছন্দের 3-K প্রোগ্রামে অফার পেতে সহায়তা করেছে এবং অপেক্ষমাণ তালিকায় থাকা পরিবারের সংখ্যা কমিয়েছে, যা এই পার্টনারশিপের সরাসরি ফলাফল।

"প্রত্যেক শিশুর একটি শক্তিশালী সূচনা পাওয়ার অধিকার আছে, এবং প্রত্যেক অভিভাবকের জানা উচিত যে তাদের সন্তানের শেখা ও বেড়ে উঠার জন্য একটি নিরাপদ ও ভালো মানের জায়গা আছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজকের ঘোষণা নিশ্চিত করছে যাতে আরো বেশি পরিবার তাদের পছন্দের 3-K সুযোগের অ্যাক্সেস পাচ্ছেন, এবং নিউ ইয়র্ক সিটির প্রায় 100,000 শিশুর জন্য ইউনিভার্সাল 3-K ও Pre-K নিশ্চিত করছে, এর ফলে আরো বেশি অভিভাবক তাদের নিজেদের কমিউনিটিতে সাশ্রয়ী চাইল্ড কেয়ারের সুবিধা পাচ্ছেন এবং

পরবর্তী প্রজন্মের সফলতার ভিত্তি তৈরি হচ্ছে। পাঁচটি বরোতেই নিউ ইয়র্কবাসীদের জন্য কাজ করতে মেয়র Mamdani-এর (মামদানি) সাথে পার্টনারশিপ করতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক সিটির মেয়র Zohran Mamdani (জোহরান মামদানি) বলেন, "আজকের ঘোষণাটি হলো নিউ ইয়র্ক সিটিতে চাইল্ড কেয়ারের এক নতুন যুগের শুরু, এমন এক যুগ যেখানে পরিবারগুলি বিশ্বাস করতে পারবে যে সরকার তাদের জন্য কাজ করবে। পাঁচটি বরোর পরিবারই এখন কম দূরত্ব যাতায়াত করছে, আরো বেশি শিশু তাদের সবথেকে পছন্দের প্রোগ্রামগুলিতে অফার পাচ্ছে, এবং আরো কম অভিভাবককে ব্যয়বহুল প্রাইভেট কেয়ার এবং প্রিয় শহর ছেড়ে যাওয়ার মধ্যে একটিকে বেছে নিতে হচ্ছে। এটিই সরকারি অসাধারণত্বের উদাহরণ।"

অর্থবছর (Fiscal Year, FY) 2027-এর স্টেট বাজেটে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটকে ইউনিভার্সাল, সাশ্রয়ী চাইল্ড কেয়ারের একটি সঠিক পথে স্থাপন করছেন এবং বিনিয়োগ 1.7 বিলিয়ন মার্কিন ডলার বাড়ানোর মাধ্যমে চাইল্ড কেয়ার এবং প্রি-কিন্ডারগার্টেনের জন্য মোট বিনিয়োগকে 4.5 বিলিয়ন মার্কিন ডলার করেছেন।

এই বছরের বাজেট এমন বিনিয়োগ করা হবে যা আরো প্রায় 100,000 শিশুর জন্য সাশ্রয়ী চাইল্ড কেয়ার নিশ্চিত করতে সাহায্য করবে। গভর্নরের এই যুগান্তকারী বিনিয়োগের ফলে তহবিলের পরিমাণ 1.7 বিলিয়ন মার্কিন ডলার বাড়বে যা পুরো স্টেটে চাইল্ড কেয়ার এবং প্রি-কিন্ডারগার্টেন সেবার জন্য FY27-এর মোট বিনিয়োগকে 4.5 বিলিয়ন মার্কিন ডলার করবে।

এই বিনিয়োগগুলো:

- 2028-29 স্কুল বর্ষের শুরুর মধ্যে নিউ ইয়র্কের সকল চার বছর বয়সীদের ক্ষেত্রে ভালো মানের Pre-K আসনের জন্য তহবিল নিশ্চিত করার মাধ্যমে Pre-K শিক্ষাকে পুরো স্টেটে সত্যিকার অর্থে ইউনিভার্সাল করবে এবং ভালো মানের কেয়ার নিশ্চিত করতে বিদ্যমান প্রোগ্রামগুলিতে সরকারি অনুদান বাড়াবে।
- নিউ ইয়র্ক সিটির সাথে পার্টনারশিপের মাধ্যমে নতুন 2-Care প্রোগ্রাম শুরু করবে এবং অবশেষে নিউ ইয়র্ক সিটিতে ইউনিভার্সাল 3K-তে অ্যাক্সেসের প্রতিশ্রুতি বাস্তবায়ন করবে।
- চাইল্ড অ্যান্ড ডিপেন্ডেন্ট কেয়ার ট্যাক্স ক্রেডিট (Child and Dependent Care Tax Credit) উন্নত করবে যাতে গড়ে 576 মার্কিন ডলার বেনিফিট বাড়ানোর মাধ্যমে 230,000 নিউ ইয়র্ক পরিবারকে চাইল্ড কেয়ারের খরচ মেটাতে সাহায্য করা যায়।
- নিউ ইয়র্কের 'First 3' প্রোগ্রামের বিকাশকে সমর্থন করবে যা কাউন্টিগুলোর সাথে মিলে আয় নির্বিশেষে 0-3 বছর বয়সী শিশুদের জন্য ভালো মানের, সাশ্রয়ী চাইল্ড কেয়ার সুবিধা প্রদান করবে।
- Child Care Assistance প্রোগ্রামে ঐতিহাসিক বিনিয়োগ করবে, যার মাধ্যমে আরো হাজার হাজার কমবয়সী নিউ ইয়র্কবাসীর জন্য ভালো মানের, সাশ্রয়ী চাইল্ড কেয়ার নিশ্চিত হবে, যেখানে অধিকাংশ পরিবারের জন্য খরচ সপ্তাহে সর্বোচ্চ 15 মার্কিন ডলারে সীমাবদ্ধ থাকবে।

- অনেক অল্প বয়সের শিশুদের শিক্ষকদের ট্রেনিংয়ের মাধ্যমে চাইল্ড কেয়ারের সাথে জড়িত কর্মীদের সাহায্য করবে।

এই প্রতিশ্রুতিগুলোর পাশাপাশি, গভর্নর নিউ ইয়র্কের পরিবারের জন্য ভালো মানের, ইউনিভার্সাল চাইল্ড কেয়ার নিশ্চিত করতে একটি অফিস অফ চাইল্ড কেয়ার অ্যান্ড আর্লি এডুকেশন (Office of Child Care and Early Education) শুরু করবেন, এছাড়াও তিনি এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) সম্পর্কে সচেতনতা বাড়াতে কাজ করবেন যাতে সবথেকে বেশি পরিবার গভর্নরের ঐতিহাসিকভাবে বড় করা চাইল্ড ট্যাক্স ক্রেডিটের থেকে লাভবান হতে পারে, যার মাধ্যমে চার বছরের কম বয়সী শিশুদের জন্য ক্রেডিট 330 মার্কিন ডলার থেকে বাড়িয়ে 1,000 মার্কিন ডলারে এবং চার থেকে 16 বছর বয়সী শিশুদের জন্য 500 মার্কিন ডলার করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন